

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(আইসিটি শাখা)
www.sylhet.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৯১০০.০২৪.২৫.০০১.১৪.২১৭

তারিখ : ২৬ শ্রাবণ ১৪২৪
২০ আগস্ট ২০১৭

বিষয় : “নারী আইসিটি ফ্রিল্যান্সার এবং উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচী”র আওতায় প্রশিক্ষণের জন্য নারী উদ্যোক্তার তথ্য প্রেরণ।

সূত্র : কর্মসূচী পরিচালক, “নারী আইসিটি ফ্রিল্যান্সার এবং উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচী” মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর ০২/০৮/২০১৭ তারিখের ৩২.০০.০০০০.০২৩.০২০.পিডি/৪.২০১৫-৩৫০ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যে, “নারী আইসিটি ফ্রিল্যান্সার এবং উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচী”র আওতায় এবং জেলা প্রশাসন, সিলেট এর সহযোগিতায় আগামী সেপ্টেম্বর ২০১৭ মাসে সিলেট জেলায় ২৬ দিনব্যাপী ওয়েব ডিজাইন বিষয়ে নারী উদ্যোক্তাদেরকে প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

২। এলক্ষ্যে ০১ জন প্রশিক্ষণার্থী নির্বাচন করতঃ নিম্নোক্ত ছক মোতাবেক আগামী ২০ আগস্ট ২০১৭ তারিখের মধ্যে তথ্যের হার্ড কপি ও সফট কপি acictsylhet@gmail.com ই-মেইল ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রতিদিন প্রশিক্ষণার্থীদেরকে দুপুরের খাবার, ২ বেলা নাস্তা এবং যাতায়াত ভাতা প্রদান করা হবে।

ছক

নারী উদ্যোক্তার নাম	ডিজিটাল সেন্টারের নাম	মোবাইল নম্বর	ই-মেইল আইডি
---------------------	-----------------------	--------------	-------------

প্রশিক্ষণার্থী নির্বাচনে বিবেচ্য বিষয় :

- ১। এ কর্মসূচির আওতায় ইতোমধ্যে যারা গ্রাফিক্স ডিজাইন কোর্স করেছেন তাদেরকে মনোনয়ন প্রদান করা যাবে না।
- ২। ইউডিসির নারী উদ্যোক্তাদেরকে প্রশিক্ষণার্থী হিসেবে বিবেচনা করতে হবে।
- ২। প্রশিক্ষণার্থীর শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি এবং কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।
- ৩। প্রশিক্ষণার্থীকে ল্যাপটপ ও মডেমসহ অংশগ্রহণ করতে হবে।
- ৪। প্রশিক্ষণার্থীকে নিজ ব্যবস্থাপনায় আবাসনের ব্যবস্থা করতে হবে।


২০/৮/১৭

(সৈয়দ মোহাম্মদ আমিনুর রহমান)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
সিলেট।
ফোন: ০৮২১-৭২২৭১৬
ই-মেইল: adcietsylhet@yahoo.com

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

....., সিলেট।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
২. মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩. কর্মসূচী পরিচালক, “নারী আইসিটি ফ্রী-ল্যান্সার এবং উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচী” মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪. গোপনীয় সহকারী, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।